



# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com

তারিখ-২২/০৮/২০১৬ইং।

## নাগরিক সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় চুয়াডাঙ্গা পৌর মেয়র জিপু চৌধুরী পেলেন দেশ সেবা মেয়রের সম্মাননা

### এই সম্মান মুক্তিযোদ্ধা ও পৌরবাসীকে উৎসর্গ করলেন মেয়র

চুয়াডাঙ্গা পৌর সভার মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপুকে দেশ সেবা মেয়রের সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়েছে। চুয়াডাঙ্গা পৌরসভার নাগরিকদের সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় তাকে এই সম্মাননা প্রদান করেন ছাত্রদের টিফিনের টাকায় পরিচালিত লাল সবুজ উন্নয়ন সংঘ নামে একটি সামাজিক সংগঠন।

গত ইং ১৯/০৮/২০১৬ তারিখ শুক্রবার বিকালে কুমিল্লার বরকোটা স্কুল এ্যান্ড কলেজ মাঠে আয়োজিত অনুষ্ঠানে চুয়াডাঙ্গা পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপুর হাতে ক্রেস্ট ও সম্মাননা পত্র তুলে দেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় প্রধান ড. কামাল উদ্দীন আহমদ ও এটিএন নিউজের প্রধান বার্তা সম্পাদক মুনী সাহা।

এ সময় চুয়াডাঙ্গা পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু তার প্রতিক্রিয়ায় বলেন, পৌরবাসী আমাকে দায়িত্ব দেওয়ার পর থেকে আমি চেষ্টা করেছি যথাযথভাবে দায়িত্ব পালনের। গত ৬ মাসে চুয়াডাঙ্গা পৌরসভার সার্বিক উন্নয়নে জনগনের পাশে থেকে কাজ করার চেষ্টা করেছি। জনগণই আমার শক্তির উৎস। তাদের অনুপ্রেরণায় আজকে আমি পৌর সেবক হয়েছি। তাই আমি মনে করি আজকে লাল সবুজ উন্নয়ন সংঘ আমাকে যে সম্মানে ভূষিত করলেন তা শুধু আমার প্রাপ্য নয়। আর এ কারণে এই সম্মান আমি জাতির শ্রেষ্ঠ সন্তান চুয়াডাঙ্গার বীর মুক্তিযোদ্ধা ও পৌরবাসীর নামে উৎসর্গ করলাম।

বরকোটা স্কুল এ্যান্ড কলেজের চেয়ারম্যান ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় প্রধান ড. কামাল উদ্দীন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মাননা প্রদান অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, বাংলাদেশ জাতীয় দলের সাবেক ক্রিকেটার জাবেদ ওমর বেলিম, ঢাকা গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক আবুল কালাম আজাদ, দাউদকান্দি উপজেলা চেয়ারম্যান মেজর অবঃ আলী সুমন, লাল সবুজ উন্নয়ন সংঘের প্রধান উপদেষ্টা ও রোদসী সম্পাদিকা সাবিনা ইয়াসমিন, দাউদকান্দি পৌর মেয়র নাইম ইউসুফ ও সংগঠনের কেন্দ্রীয় সভাপতি কাওসার আলম সোহেল।

এর আগে লাল সবুজের প্রচেষ্টায়, সবুজ করবো দেশটা শ্লোগান নিয়ে লাল সবুজ উন্নয়ন সংঘের পক্ষ থেকে ৫ (পাঁচ) হাজার শিক্ষার্থীর মাঝে বিভিন্ন প্রজাতির গাছের চারা বিতরণ করা হয়।



সময়মত পৌরকর পরিশোধ করুন। সময়মত পানির বিল পরিশোধ করুন, সময়মত আপনার মিশুকে টিকা দিন।



# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: [www.chuadangapourashava.org](http://www.chuadangapourashava.org), E-mail: [mayor16cp@gmail.com](mailto:mayor16cp@gmail.com)

তারিখ-২২/০৮/২০১৬ইং।



সময়মত পৌরকর পরিশোধ করুন। সময়মত পানির বিল পরিশোধ করুন, সময়মত আপনার মিশুকে টিকা দিন।